গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০৭.১৮.০১৭.(২য় খন্ড).১৫-৬৮৪

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান

সূত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ১১ নভেম্বর ২০২৪ তারিখের ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪.২৯২২ সংখ্যক স্মরক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ৪র্থ "অর্থনৈতিক শুমারি ২০২৪" পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত শুমারির তথ্য (অর্থনৈতিক ইউনিটের পরিচিত, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সংক্রান্ত) সংগ্রহের কার্যক্রম আগামী ১০-১৬ ডিসেম্বর, ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য পরিবেশ অধিদপ্তর ও এর আওতাভুক্ত অফিসসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সর্বাত্মক সহযোগিতা চেয়ে সূত্রোক্ত পত্রে অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায় শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকল উইং/বিভাগ/অঞ্চল/মহানগর/গবেষণাগার/জেলা কার্যালয়কে নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২৭.১১.২০২৪

মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
উপসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২২২১৮৩৯৭

বিতরণঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১. পরিচালক(পরিকল্পনা/পরিবেশগত ছাড়পত্র/বায়ুমান ব্যবস্থাপনা/জলবায়ু পরিবর্তন/এনফোর্সমেন্ট/আইন/ আইটি/ প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/ চট্টগ্রাম গবেষণাগার/ খুলনা/বগুড়া/সিলেট/ বরিশাল/ময়মনসিংহ/ রংপুর/কক্সবাজার) পরিবেশ অধিদপ্তর।
২. উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল জেলা), পরিবেশ অধিদপ্তর।
৩. সহকারী পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল জেলা), পরিবেশ অধিদপ্তর।
৪. সহকারী পরিচালক/পরিদর্শক, মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
১. মহাপরিচালক, (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস।
৩. অফিস কপি।

CS CamScanner